

নির্দেশনা

- ১। আবেদনপত্রের সহিত বীজ আলুর টিস্যু কালচার ল্যাবরেটরি নিবন্ধন ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা চালানোর মাধ্যমে কোড নম্বর : ১-৪৩৩৮-০০০০-২৬৮১ তে ব্যাংকে জমাদানপূর্বক চালানোর মূলকপি পাঠাইতে হইবে;
- ২। আবেদন প্রাপ্তির পর 'বীজ আলুর টিস্যু কালচার ল্যাবরেটরি মূল্যায়ন কমিটি' নির্দেশিকা অনুযায়ী ল্যাবরেটরি পরিদর্শন ও মূল্যায়ন করিয়া সচিব, জাতীয় বীজ বোর্ড, কৃষি মন্ত্রণালয় বরাবর নিবন্ধনের জন্য সুপারিশ প্রদান করিবে;
- ৩। জাতীয় বীজ বোর্ডের পক্ষে সচিব, জাতীয় বীজ বোর্ড ও মহাপরিচালক, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, কমিটির সুপারিশের ভিত্তিতে আবেদন অনুমোদন ও নিবন্ধনের প্রত্যয়নপত্র প্রদান করিবে;
- ৪। একই প্রতিষ্ঠান বা ব্যক্তি মালিকানায় একাধিক বীজ আলুর টিস্যু কালচার ল্যাবরেটরি থাকিলে প্রতিটি নিবন্ধনের জন্য আলাদা আলাদা আবেদন করিতে হইবে;
- ৫। নিবন্ধিত টিস্যু কালচার ল্যাবরেটরিসমূহকে কৃষি মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ করিতে হইবে;
- ৬। 'বীজ আলুর টিস্যু কালচার ল্যাবরেটরি মূল্যায়ন কমিটি' যেকোনো সময়ে নিবন্ধিত ল্যাবরেটরি পরিদর্শন করিতে পারিবে এবং ল্যাবরেটরিতে যথাযথ মান অনুসরণ করা না হইলে নিবন্ধন বাতিলের সুপারিশ করিতে পারিবে।